# বাংলা পদ্যাংশ

পদ্যাংশ অধ্যায় ১

## বিভীষণের প্রতি মেঘনাদ
মাইকেল মধুসূদন দত্ত

### Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| কবি পরিচিতি | |
|---|---|
| জন্মপরিচয় | আধুনিক বাংলা কবিতার অগ্রদূত মাইকেল মধুসূদন দত্তের জন্ম ১৮২৪ খ্রিষ্টাব্দের ২৫ জানুয়ারি; যশোর জেলার কেশবপুর থানাধীন সাগরদাঁড়ি গ্রাম। পিতা : রাজনারায়ণ দত্ত। মাতা : জাহ্নবী দেবী। |
| খ্রিষ্টধর্ম গ্রহণ | ১৮৪৩ সালের ৯ ফেব্রুয়ারি (১৯ বছর বয়সে) খ্রিষ্টধর্ম গ্রহণ করে তিনি পিতৃপ্রদত্ত নামের শুরুতে 'মাইকেল' শব্দ যোগ করেন। ধর্মান্তরিত হওয়ার কারণে তাঁকে হিন্দু কলেজ পরিত্যাগ করে শিবপুরের বিশপ্স কলেজে ভর্তি হতে হয়। |
| মৃত্যু | ১৮৭৩ খ্রিষ্টাব্দের ২৯এ জুন কলকাতায় মাইকেল মধুসূদন দত্ত মারা যান। সমাধিস্থান : কলকাতার লোয়ার সার্কুলার রোড। |
| নাটক | শর্মিষ্ঠা (১৮৫৯), পদ্মাবতী (১৮৬০), কৃষ্ণকুমারী (১৮৬১), মায়াকানন (১৮৭৪), বিষ না ধনুর্গুণ (অসম্পূর্ণ)। |
| কাব্য | The Captive Ladie (১৮৪৯), ব্রজাঙ্গনা কাব্য (১৮৬১), তিলোত্তমাসম্ভব কাব্য (১৮৬০), বীরাঙ্গনা কাব্য (পত্রকাব্য, ১৮৬২)। |
| প্রহসন | একেই কি বলে সভ্যতা? (১৮৬০), বুড় সালিকের ঘাড়ে রোঁ (১৮৬০)। |
| মহাকাব্য | মেঘনাদবধ কাব্য (১৮৬১)। [বাংলা ভাষার প্রথম সার্থক মহাকাব্য] |
| বঙ্গানুবাদ | 'হেক্টরবধ' (১৮৭১, হোমারের 'ইলিয়াড' মহাকাব্যের প্রথম কয়েকটি সর্গের গদ্যে রচিত বঙ্গানুবাদ)। |

### কবিতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় মেঘনাদের প্রবল আনুগত্য প্রকাশ পেয়েছে– জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতিসত্তার প্রতি।
- 'গতি যার নীচ সহ নীচ সে দুর্মতি' উক্তিটি– মেঘনাদের।
- 'নিকষা সতী তোমার জননী, সহোদর রক্ষঃশ্রেষ্ঠ?' –এখানে 'সহোদর' হলো– বিভীষণের ভাই রাবণ।
- রামানুজকে মেঘনাদ পাঠাতে চেয়েছে– শমন-ভবনে অর্থাৎ যমালয়ে।
- 'কেমনে ও মুখে আনিলে এ কথা, তাত, কহ তা দাসেরে!' এখানে 'দাসেরে'– মেঘনাদ।
- কুম্ভকর্ণের মায়ের নাম– নিকষা।
- 'জানিনু কেমনে আসি লক্ষ্মণ পশিল রক্ষঃপুরে!' 'জানিনু' অর্থ– জানলাম (বুঝতে পারা)।
- ইন্দ্রের অপর নাম– বাসব।
- 'কিন্তু নাহি গঞ্জি তোমা, গুরু জন তুমি পিতৃতুল্য।' –এ বাক্যে 'পিতৃতুল্য' বলতে যাকে ইঙ্গিত করা হয়েছে– বিভীষণকে।
- 'হে রক্ষোরথী, ভুলিলে কেমনে কে তুমি?' এখানে 'রক্ষোরথী' হলেন– বিভীষণ।
- মেঘনাদ 'মহারথী' বলে সম্বোধন করেছেন– বিভীষণকে।
- মেঘনাদের দৃষ্টিতে নন্দন-কাননে ভ্রমণ করছে– দৈত্য।
- 'প্রফুল্ল কমলে কীটবাস' উক্তিটি– মেঘনাদের।
- লক্ষ্মণের মায়ের নাম– সুমিত্রা।
- বিভীষণ লঙ্কার পরিণতির জন্য দায়ী করেছেন– রাবণকে।
- রঘুবংশের শ্রেষ্ঠ সন্তান হলো– রামচন্দ্র।
- শূলিশম্ভুনিভ বলা হয়েছে– কুম্ভকর্ণকে।
- দেবকুল সর্বদা পাপ থেকে– বিরত থাকে।
- মেঘনাদ 'দুরাচার দৈত্য' বলে অভিহিত করেছে– লক্ষ্মণকে।
- আত্মপক্ষ সমর্থনের ক্ষেত্রে বিভীষণ যে বিষয়টিকে সামনে এনেছেন– নৈতিকতাবোধ।
- মেঘনাদ যে অপরাধ সইতে পারবে না বলে মনে করেন– লক্ষ্মণের যজ্ঞাগারে প্রবেশ।
- 'বীরেন্দ্র বলী' বলা হয়েছে– মেঘনাদকে।
- 'জীমূতেন্দ্র' শব্দটি দ্বারা বোঝায়– মেঘের গর্জন।
- 'রাঘবের পদাশ্রয়ে রক্ষার্থে আশ্রয়ী তেঁই আমি।' 'তেঁই' শব্দের অর্থ– তজ্জন্য বা সেহেতু।
- রামের মাতার নাম– কৌশল্যা (অযোধ্যার রাজা দশরথের প্রধান স্ত্রী, কোশলাধিপতির কন্যা)।
- 'নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা!' উক্তিটি– মেঘনাদের।
- বিভীষণ লঙ্কাপুরীকে কীসে পূর্ণ বলেছে– পাপে পূর্ণ।
- জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি– এ সকলে দিলা জলাঞ্জলি? কে জলাঞ্জলি দিয়েছে– বিভীষণ।
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় মেঘনাদ চরিত্রে ফুটে উঠেছে– দেশদ্রোহিতার প্রতি ঘৃণা ও মাতৃভূমির প্রতি ভালোবাসা।
- মেঘনাদের ক্ষোভের পেছনে প্রকৃত অর্থে– বিভীষণের বিশ্বাসঘাতকতা।
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটি যে ছন্দে রচিত– অক্ষরবৃত্ত ছন্দে।

### Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

০১. 'বঙ্গভাষা' কবিতা কোন ছন্দে রচিত? [NU-Science : 14-15]
ⓚ স্বরবৃত্ত ⓛ অক্ষরবৃত্ত
ⓜ অমিত্রাক্ষর ⓝ মাত্রাবৃত্ত
উ: ⓜ

০২. 'কেলিনু' শব্দটি দ্বারা কী বোঝাচ্ছে? [NU-Science : 13-14]
ⓚ রোপণ করেছি ⓛ কমল-কানন দর্শন করেছি
ⓜ খেলা করেছি ⓝ কল কল ধ্বনি তুলেছি
উ: ⓜ

### Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

০১. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটুকু মেঘনাদবধ কাব্যর কোন সর্গ থেকে নেয়া হয়েছে? [GST-B : 21-22]
ⓚ দ্বিতীয় ⓛ চতুর্থ ⓜ ষষ্ঠ ⓝ অষ্টম
উ: ⓜ

০২. 'কহ, মহারথী, এ কি মহারথী-প্রথা?' কে, কাকে বলেছে? [BRUR-A : 19-20]
ⓚ রাবণ, মেঘনাদকে ⓛ মেঘনাদ, রাবণকে
ⓜ মেঘনাদ, বিভীষণকে ⓝ রাবণ, বিভীষণকে
উ: ⓜ

০৩. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটি 'মেঘনাদবধ কাব্য'র কোন সর্গে? [BRUR-A : 19-20]
ⓚ অষ্টম ⓛ পঞ্চম ⓜ ষষ্ঠ ⓝ চতুর্থ
উ: ⓜ

০৪. 'নিকষা' কে? [NSTU-D : 19-20; JUST-D : 18-19]
ⓚ বিভীষণের বোন ⓛ রাবণের মা
ⓜ মেঘনাদের মা ⓝ কুম্ভকর্ণের স্ত্রী
উ: ⓛ

০৫. 'অরিন্দম' শব্দ দ্বারা কাকে বুঝানো হয়েছে? [BSFMSTU-C : 19-20]
ⓚ হনুমান ⓛ মেঘনাদ
ⓜ অঙ্গদ ⓝ কুম্ভকর্ণ
উ: ⓛ

০৬. চতুর্দশপদী কবিতার অর্থ– [BSFMSTU-C : 19-20]
ⓚ প্রতি লাইনে ১৪টি ধ্বনি থাকে
ⓛ প্রতিটি কবিতায় ১৪টি লাইন থাকে
ⓜ প্রতিটি লাইনে ১৪টি পদ থাকে
ⓝ প্রতিটি বাক্যে ১৪টি মাত্রা থাকে
উ: ⓛ

০৭. বাংলায় 'চতুর্দশপদী' কবিতা এর প্রবর্তক কে? [JUST-E : 19-20]
ⓚ কাজী নজরুল ইসলাম ⓛ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓜ মাইকেল মধুসূদন দত্ত ⓝ জসীমউদ্দীন
উ: ⓜ



CamScanner

০৮. মাইকেল মধুসূদন দত্ত রচিত পত্রকাব্য কোনটি? [KU-A : 18-19]
ⓚ পদ্মাবতী ⓜ মেঘনাদবধ
ⓖ বীরাঙ্গনা ⓔ কৃষ্ণকুমারী উ: ⓖ

০৯. "এতক্ষণে- অরিন্দম কহিলা বিষাদে"- আলোচ্য কবিতাংশে কোন জাতীয় অনুভব প্রাধান্য পেয়েছে? [KU-A : 18-19]
ⓚ সাহস ও উদ্যম ⓜ ভয় ও হিংসা
ⓖ আনন্দ ও হতাশা ⓔ বিপন্ন ও বিস্ময় উ: ⓔ

১০. 'পরদোষে কে চাহে মজিতে' উক্তিটি কার? [CoU-B : 18-19]
ⓚ বীরবাহুর ⓜ রামের
ⓖ বিভীষণের ⓔ মেঘনাদের উ: ⓖ

১১. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কোন ছন্দে লেখা? [BRUR-A : 18-19]
ⓚ অমিত্রাক্ষর ⓜ পয়ার
ⓖ মুক্তক ছন্দ ⓔ মাত্রাবৃত্ত উ: ⓚ

১২. বাংলায় সনেটের প্রবর্তক কে? [NSTU-D : 18-19]
ⓚ সত্যেন্দ্রনাথ দত্ত ⓜ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ বিহারীলাল চক্রবর্তী ⓔ মাইকেল মধুসূদন দত্ত উ: ⓔ

১৩. মাইকেল মধুসূদন দত্ত কত সালে খ্রিষ্টধর্ম গ্রহণ করেন? [NSTU-D : 18-19]
ⓚ ১৮৪১ ⓜ ১৮৪৩
ⓖ ১৮৪৫ ⓔ ১৮৫৭ উ: ⓜ

১৪. 'মন্দ্র' শব্দটির অর্থ কী? [NSTU-D : 18-19]
ⓚ খারাপ ⓜ ধীর
ⓖ বায়ু ⓔ ধ্বনি উ: ⓔ

১৫. মাইকেল মধুসূদন দত্ত কোন কলেজের ছাত্র ছিলেন? [NSTU-E : 18-19]
ⓚ হিন্দু কলেজ ⓜ ফোর্ট উইলিয়াম কলেজ
ⓖ হুগলি কলেজ ⓔ কলিকাতা কলেজ উ: ⓚ

১৬. 'মেঘনাদবধ কাব্যে' কত দিনের ঘটনা বর্ণিত আছে? [PUST-C : 17-18]
ⓚ দুই দিন ও দুই রাত্রির ⓜ দুই দিন ও তিন রাত্রির
ⓖ তিন দিন ও দুই রাত্রির ⓔ তিন দিন ও তিন রাত্রির উ: ⓖ

১৭. 'মেঘনাদবধ কাব্য'টিতে সর্গ সংখ্যা কয়টি? [JUST-E : 17-18]
ⓚ ৮টি ⓜ ৯টি
ⓖ ১২টি ⓔ ১৫টি উ: ⓜ

## Part 4 সম্ভাব্য MCQ

০১. নিচের কোনটি ভিন্নার্থক শব্দ?
ⓚ গম্ভীর শব্দ ⓜ গম্ভীর ধ্বনি
ⓖ মন্দ্র ⓔ মন্ত্র উ: ⓔ

০২. 'যেমতি' বলতে কী বোঝায়?
ⓚ এমন ⓜ যেমন ⓖ তেমন ⓔ কেমন উ: ⓜ

০৩. 'এবে' শব্দটির অর্থ কোনটি?
ⓚ আসবে ⓜ এখন
ⓖ এমন ⓔ এভাবে উ: ⓜ

০৪. 'মজাইলা' শব্দটির অর্থ কী?
ⓚ মজে গেলো ⓜ নষ্ট করলে
ⓖ বিপদগ্রস্ত করলে ⓔ আনন্দ-ফূর্তি করলে উ: ⓖ

০৫. 'সহিছ' বলতে কী বোঝায়?
ⓚ সাথে আছে ⓜ সহ্য করছ
ⓖ সামনে আছে ⓔ সই করেছ উ: ⓜ

০৬. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'রাবণ-আত্মজ' কাকে বলা হয়েছে?
ⓚ বিভীষণকে ⓜ কুম্ভকর্ণকে
ⓖ মেঘনাদকে ⓔ প্রমীলাকে উ: ⓖ

০৭. 'তস্কর' শব্দটি 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ⓚ তুষের ঘর ⓜ তক্ষক
ⓖ চোর ⓔ তাসের ঘর উ: ⓖ

০৮. 'প্রগলভে' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?
ⓚ গোপনে ⓜ প্রাগ্রসর হয়ে
ⓖ নির্ভীকচিত্তে ⓔ নিরপেক্ষভাবে উ: ⓖ

০৯. 'মহামন্ত্র-বলে যথা নম্রশিরঃ ফণী।' চরণটির অন্তর্নিহিত অর্থ কী?
ⓚ প্রশ্নবাণে বিদ্ধ হয়ে রামের মাথা নত অবস্থা
ⓜ প্রশ্নবাণে বিদ্ধ হয়ে বিভীষণের মাথা নত অবস্থা
ⓖ প্রশ্নবাণে বিদ্ধ হয়ে মেঘনাদের মাথা উঁচু অবস্থা
ⓔ লক্ষ্মণের হাতে মেঘনাদের পরাস্ত হওয়া উ: ⓜ

১০. 'জ্ঞাতি' বলতে বোঝায়?
ⓚ জানাশোনা ⓜ জানা
ⓖ সগোত্র ⓔ উপজাতি উ: ⓖ

১১. 'হায়, তাত, উচিত কি তব এ কাজ?' এখানে 'কাজ' বলতে কী বোঝানো হয়েছে?
ⓚ কুম্ভকর্ণের সহায়তা ⓜ লক্ষ্মণের প্রবেশে সহায়তা
ⓖ বিভীষণের সহায়তা ⓔ রামচন্দ্রের আজ্ঞা উ: ⓜ

১২. 'হায়, তাত, উচিত কি তব এ কাজ?' চরণটিতে 'তাত' শব্দটি কী অর্থে ব্যবহার হয়েছে?
ⓚ তার জন্য ⓜ পিতামহ
ⓖ পিতৃব্য বা চাচা ⓔ পিতার বন্ধু উ: ⓖ

১৩. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশটিতে 'কমলবন' কীসের প্রতীক?
ⓚ অন্যায়ের ⓜ অকল্যাণের
ⓖ ন্যায়ের ও কল্যাণের ⓔ জীবনের উ: ⓖ

১৪. মেঘনাদ 'দুরাচার দৈত্য' বলে অভিহিত করেছেন কাকে ?
ⓚ রামকে ⓜ ইন্দ্রকে
ⓖ বিভীষণকে ⓔ লক্ষ্মণকে উ: ⓔ

১৫. 'পৃথিবী'র কোন সমার্থক শব্দটি 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশে ব্যবহৃত হয়েছে?
ⓚ বসুন্ধরা ⓜ ধরণি
ⓖ বসুধা ⓔ বিশ্ব উ: ⓖ

১৬. 'ক্ষুদ্রমতি নর' কাকে বলা হয়েছে?
ⓚ বীরবাহু ⓜ রাম
ⓖ লক্ষ্মণ ⓔ বিভীষণ উ: ⓖ

১৭. বাসব কে?
ⓚ বাসুদেবের সহোদর ⓜ দেবতাদের রাজা ইন্দ্র
ⓖ মেঘনাদ ⓔ বিভীষণ উ: ⓜ

১৮. '... কী প্রকারে/তাহার বিপক্ষ কাজ করিব' চরণদ্বয়ে কে কার বিপক্ষে কাজ করতে অসমর্থ?
ⓚ মেঘনাদ রাবণের ⓜ বিভীষণ লক্ষ্মণের
ⓖ মেঘনাদ বিভীষণের ⓔ বিভীষণ রামের উ: ⓔ

১৯. রঘু বংশের শ্রেষ্ঠ সন্তান রামচন্দ্রকে কী হিসেবে অভিহিত করা হয়?
ⓚ সীতানাথ ⓜ রঘুপতি
ⓖ রাঘব ⓔ রঘুরাজ উ: ⓖ

২০. 'নহি দোষী আমি' কথাটি কে বলেছে?
ⓚ রাম ⓜ বিভীষণ
ⓖ মেঘনাদ ⓔ রাবণ উ: ⓜ



CamScanner

**২১. বিভীষণ দ্বার ছাড়লে মেঘনাদ কোথায় যাবে বলেছিল?**
ⓚ যজ্ঞাগারে ⓚ লঙ্কাপুরীতে
ⓖ রাবণের কাছে ⓖ অস্ত্রাগারে উ: ঘ

**২২. লঙ্কার অধঃপতনকে বিভীষণ কীসের সঙ্গে তুলনা করেছে?**
ⓚ প্রলয়ে পৃথিবী ডুবে যাওয়ার সাথে
ⓚ প্রলয়ে ঘরবাড়ি ডুবে যাওয়ার সাথে
ⓖ প্রলয়ে জনজীবনে দুর্বিষহ হয়ে যাওয়ার সাথে
ⓖ প্রলয়ে লঙ্কাপুরী ডুবে যাওয়ার সাথে উ: ক

**২৩. লঙ্কাপুরী কালসলিলে ডুবে গেলে বিভীষণ কোথায় আশ্রয়প্রার্থী?**
ⓚ মেঘনাদের যজ্ঞাগারে ⓚ রাবণের পদাশ্রয়ে
ⓖ রাঘব বা রামের পদাশ্রয়ে ⓖ বাসবপুরীতে উ: গ

**২৪. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশে 'দুর্মতি' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ⓚ দুর্গতি ⓚ অসৎ বা মন্দ বুদ্ধি
ⓖ মন্দ শক্তি ⓖ দুর্বিষহ পরিস্থিতি উ: খ

**২৫. মেঘনাদ যজ্ঞাগারে ইষ্টদেবতার পূজা করতে চেয়েছিল কেন?**
ⓚ পিতাকে খুশি করতে ⓚ পরিবারের কল্যাণে
ⓖ ভ্রাতৃহত্যার শোকে ⓖ যুদ্ধে জয় নিশ্চিত করতে উ: ঘ

**২৬. রাবণের মধ্যম সহোদর কে ?**
ⓚ বিভীষণ ⓚ কুম্ভকর্ণ
ⓖ রাঘব ⓖ বীরবাহু উ: খ

**২৭. মূল (সংস্কৃত) রামায়ণ থেকে মধুসূদন দত্তের যে বিখ্যাত গ্রন্থের কাহিনি নেওয়া হয়েছে?**
ⓚ তিলোত্তমাসম্ভব ⓚ মেঘনাদবধ কাব্য
ⓖ কৃষ্ণকুমারী ⓖ বীরাঙ্গনা কাব্য উ: খ

**২৮. কতটি সনেটের সংকলনে মধুসূদনের 'চতুর্দশপদী কবিতাবলী' রচিত?**
ⓚ ১০১টি ⓚ ১০২টি
ⓖ ১০৫টি ⓖ ১১০টি উ: খ

**২৯. 'মেঘনাদবধ কাব্য' নয়টি সর্গে রচিত' এখানে 'সর্গ' শব্দের অর্থ–**
ⓚ বেহেশত ⓚ অধ্যায়
ⓖ সরণি ⓖ স্তম্ভ উ: খ

**৩০. মাইকেল মধুসূদন দত্ত মারা যান কোন সালের কত তারিখে?**
ⓚ ২১ জুন ১৮৭০ ⓚ ২৩ জুন ১৮৭০
ⓖ ১৯ জুন ১৮৭৩ ⓖ ২৯ জুন ১৮৭৩ উ: ঘ

**৩১. 'হে বীরকেশরী, সম্ভাষে শৃগালে' এখানে 'বীরকেশরী' বলতে কাকে বোঝানো হয়েছে?**
ⓚ রাবণকে ⓚ বিভীষণকে
ⓖ মেঘনাদকে ⓖ কুম্ভকর্ণকে উ: খ

**৩২. মধুসূদন দত্তের নামের পূর্বে মাইকেল শব্দটি কখন যুক্ত হয়?**
ⓚ ইংল্যান্ড গমন করার পর ⓚ খ্রিষ্টধর্ম গ্রহণের পর
ⓖ ইংরেজি শিক্ষা গ্রহণের পর ⓖ বিদেশ গমনের পূর্বে উ: খ

**৩৩. 'পশিল' শব্দটির অর্থ কী?**
ⓚ প্রবেশ করল ⓚ পৌঁছাল
ⓖ নষ্ট হলো ⓖ পেছাল উ: ক

**৩৪. সম্পূর্ণ পরিত্যাগ অর্থে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশে কোন শব্দটি ব্যবহৃত হয়েছে?**
ⓚ উৎসর্গ ⓚ ত্যাগী
ⓖ জলাঞ্জলি ⓖ বিসর্জন উ: গ

**৩৫. 'বিধু' শব্দের অর্থ কী?**
ⓚ চাঁদ ⓚ সূর্য
ⓖ বুধবার ⓖ বোধশক্তিসম্পন্ন উ: ক

পদ্যাংশ অধ্যায় ২

## সোনার তরী
### রবীন্দ্রনাথ ঠাকুর

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| কবি পরিচিতি | |
|---|---|
| জন্মপরিচয় | ৭ মে ১৮৬১ খ্রিষ্টাব্দ (২৫ বৈশাখ ১২৬৮), জোড়াসাঁকো, কলকাতা, ভারত। পিতা : মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর। মাতা : সারদা দেবী। |
| ছদ্মনাম | ভানুসিংহ ঠাকুর, আন্নাকালী পাকড়াশী। |
| বিবাহ | মাত্র ২২ বছর বয়সে খুলনার দক্ষিণ ডিহি গ্রামের মেয়ে ভবতারিণী দেবীর সঙ্গে ১৮৮৩ সালে বিবাহবন্ধনে আবদ্ধ হন। পরে ভবতারিণী দেবীর নাম বদলে রাখা হয় মৃণালিনী দেবী। |
| পুরস্কার | তিনি ১৯১৩ সালের নভেম্বরে 'Song Offerings' এর জন্য নোবেল পুরস্কার পান। 'Song offerings' গ্রন্থে মোট ১৫৭টি কবিতা ও গান রয়েছে। নোবেল পুরস্কারপ্রাপ্ত প্রথম ভারতীয় ও এশীয় ব্যক্তি তিনি। |
| প্রথম অনুবাদক | বাংলায় টি.এস.এলিয়টের কবিতার প্রথম অনুবাদক রবীন্দ্রনাথ ঠাকুর। |
| জীবনাবসান | ৭ আগস্ট ১৯৪১ খ্রিষ্টাব্দ (২২ শ্রাবণ ১৩৪৮ বঙ্গাব্দ)। |
| **সাহিত্যকর্ম** | |
| কাব্য | বনফুল, কবি-কাহিনী, খেয়া, সানাই, মহুয়া, মানসী, সোনার তরী, চিত্রা, চৈতালী, ক্ষণিকা, নৈবেদ্য, গীতাঞ্জলি, বলাকা, পূরবী, পুনশ্চ, বিচিত্রা, সেঁজুতি, জন্মদিনে, শেষলেখা। |
| উপন্যাস | চার অধ্যায়, দুইবোন, গোরা, ঘরে-বাইরে, চতুরঙ্গ, চোখের বালি, নৌকাডুবি, যোগাযোগ, রাজর্ষি, শেষের কবিতা। |
| কাব্যনাট্য | কাহিনী, চিত্রাঙ্গদা, বসন্ত, বিদায় অভিশাপ, বিসর্জন। |
| নাটক | অচলায়তন, চিরকুমার সভা, ডাকঘর, মুকুট, মুক্তির উপায়, রক্তকরবী, রাজা। |
| প্রবন্ধগ্রন্থ | বিচিত্র প্রবন্ধ, শিক্ষা, শব্দতত্ত্ব, কালান্তর, সভ্যতার সংকট। |
| ভ্রমণকাহিনি | জাপানযাত্রী, পথের সঞ্চয়, পারস্যে, রাশিয়ার চিঠি, য়ুরোপ যাত্রীর ডায়েরী, য়ুরোপ প্রবাসীর পত্র। |
| পত্রসাহিত্য | ছিন্নপত্র, ভানুসিংহের পত্রাবলী, চিঠিপত্র। |

## কবিতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

☑ কবিতায় যে ঋতুর কথা বলা হয়েছে– বর্ষা ঋতু।
☑ কূলে কতজন বসে আছে– একা একজন।
☑ 'ভারা' অর্থ– ধান রাখার পাত্র।
☑ নদীর রূপ কেমন– ভরা নদী।
☑ 'ধারা' অর্থ– প্রবাহ বা স্রোত।
☑ 'ক্ষুরধারা' বলতে বোঝায়– ক্ষুরের মতো ধারালো যে প্রবাহ বা স্রোত।
☑ কবিতায় নদীতে বর্ষার স্রোত– খরপরশা অর্থাৎ ধারালো বর্শার মতো।
☑ বাঁকা জল কৃষকের যেদিকে রয়েছে– চারদিকে।
☑ 'ভারা ভারা' কবিতায় যে অর্থে ব্যবহৃত– পাত্রের সমষ্টি অর্থে।
☑ গগনে মেঘের অবস্থা– গর্জনরত।
☑ 'তরুছায়ামসী' মানে– গাছের ছায়ার কালো রং।
☑ যে পরিমাণ ধান কাটা হয়েছে– রাশি রাশি।
☑ ধানক্ষেতটি কীসের আঙ্গিকে চিত্রিত– ছোটো দ্বীপের আঙ্গিকে।
☑ কবিতায় দিনের যে অংশের কথা বলা হয়েছে– প্রভাতবেলার কথা।
☑ তরীর মাঝিকে কবির যেমন মনে হয়– চেনা।
☑ রবীন্দ্র-ভাবনায় নৌকার মাঝি– নির্মোহ মহাকালের প্রতীক।



CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

- কবি মাঝিকে যা বলে সম্বোধন করে- 'ওগো' বলে।
- বাঁকা জল কী করছে- খেলা।
- ধানখেতটি কেমন- মেঘে ঢাকা।
- নদীর ঢেউগুলি- নিরুপায়।
- 'বিদেশ' কীসের প্রতীক- চিরায়ত শিল্পলোকের প্রতীক।
- কবিতায় 'সোনার ধান' যে ব্যঞ্জনার সৃষ্টি করে- শিল্পী কবির সৃষ্টিসম্ভার।
- কবি মাঝিকে তরী ভিড়ানোর কথা বলেছেন- কূলে।
- কবি মাঝিকে সোনার ধান নিয়ে যেতে বলে- ক্ষণিক হেসে।
- শূন্য নদীর তীরে পড়ে রইল- কৃষক তথা কবি।
- 'রহিনু' শব্দের চলিত রূপ- রইলাম।
- 'থরে-বিথরে' অর্থ- সুবিন্যস্ত করে, স্তরে স্তরে।
- কৃষক স্থান পেতে চায়- মহাকালের নৌকায়।
- 'সোনার তরী' কবিতার পর্ব- পূর্ণপর্ব।
- যত চাও তত লও ——। শূন্যস্থান করো- তরী-পরে।
- কৃষক মাঝির প্রতি কী করার কথা বলেছেন- করুণা।
- 'চারিদিকে বাঁকা জল করিছে খেলা' এখানে বাঁকা জল- কালস্রোতের প্রতীক।
- নৌকায় স্থান সংকুলান হয় না- কৃষকের।
- চারিদিকের 'বাঁকা জল' কবিমনে সৃষ্টি করে- ঘনঘোর আশঙ্কা।
- রবীন্দ্রনাথের চিরায়ত আবেদনবাহী কবিতা- সোনার তরী।
- 'আমি একেলা' এখানে কে 'একেলা'- কৃষক নামধারী কবি।
- 'সোনার তরী' কবিতার মাঝি- মহাকালের প্রতীক।
- 'সোনার তরী' কবিতায় মেঘে ঢাকা ছিল- গ্রামখানি।
- ধানখেতটির আকৃতি- ছোটো দ্বীপের মতো।
- 'সোনার তরী' কবিতায় যে ঋতুর কথা বলা হয়েছে- বর্ষা ঋতুর কথা।
- বাংলা ছোটগল্পের পথিকৃৎ- রবীন্দ্রনাথ ঠাকুর।
- 'সোনার তরী' কবিতায় মিশে রয়েছে- কবির জীবনদর্শন।

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

০১. 'সোনার তরী' কবিতায় শ্রাবণ-গগন ঘিরে কোন মেঘ 'ঘুরে ফিরে'? [NU-Science : 12-13]
ক) কালো মেঘ খ) সাদা মেঘ
গ) ছেঁড়া মেঘ ঘ) ঘন মেঘ উ: ঘ

০২. 'সোনার তরী' কবিতায় কৃষকের প্রত্যাশা পূরণ না হওয়ার কারণ- [NU-Science : 11-12]
ক) নৌকায় ঠাঁই না পাওয়া খ) মাঝি অচেনা হওয়ায়
গ) নদী পার না হওয়ায় ঘ) ফসলের দাম না পাওয়ায় উ: ক

০৩. 'সোনার তরী' কবিতায় 'সোনার ধান' বলতে বোঝানো হয়েছে [NU-Science : 07-08]
ক) স্বর্ণবর্ণের ধান খ) দামী ধান
গ) জীবনের সৃষ্টিকর্ম ঘ) জীবনের আনন্দ উ: গ

০৪. 'কোনো দিকে নাহি চায়' কে? [NU-Science : 05-06]
ক) ঢেউ খ) নৌকা
গ) তরীর মাঝি ঘ) মেঘ উ: গ

০৫. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে লেখা? [NU-Science : 01-02]
ক) স্বরবৃত্ত খ) মাত্রাবৃত্ত
গ) মুক্তক ঘ) অক্ষরবৃত্ত উ: খ

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

০১. 'ঘরে-বাইরে' গ্রন্থের রচয়িতা- [SUST-A : 19-20]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ঙ) কাজী নজরুল ইসলাম উ: ক

০২. রবীন্দ্রনাথ ঠাকুর কত বছর বয়সে 'ভিখারিনী' গল্প রচনা করেন? [RSTU-C : 19-20]
ক) চৌদ্দ খ) পনেরো গ) ষোলো ঘ) সতেরো উ: গ

০৩. 'সোনার তরী, কবিতায় কবি 'ছোটো খেত' বলতে কী বোঝাতে চেয়েছেন? [RSTU-C : 19-20]
ক) আয়তনে ছোট ক্ষেত খ) নদীর ছোট চর
গ) মানুষের জীবন পরিধি ঘ) অজানার দেশ উ: গ

০৪. রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার লাভ করেন কোন কাব্যগ্রন্থের জন্য? [JKKNIU-E : 19-20]
ক) সঞ্চয়িতা খ) বলাকা
গ) গীতাঞ্জলি ঘ) সোনারতরী উ: গ

০৫. রবীন্দ্রনাথ ঠাকুর জন্মগ্রহণ করেন- [BSFMSTU-C ; 19-20]
ক) কুষ্টিয়ার শিলাইদহে খ) নওগাঁর পতিসরে
গ) কলকাতার জোড়াসাঁকোতে ঘ) বীরভূমের শান্তিনিকেতন উ: গ

০৬. 'মুক্তধারা' রবীন্দ্রনাথের কোন ধরনের রচনা? [BSMRSTU-G : 19-20]
ক) নাটক খ) ছোটগল্প
গ) উপন্যাস ঘ) কাব্য উ: ক

০৭. রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর কোন গ্রন্থটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেন? [JKKNIU-E : 19-20]
ক) ডাকঘর খ) তাসের দেশ
গ) শেষের কবিতা ঘ) বসন্ত উ: ঘ

০৮. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক? [HSTU-C : 19-20]
ক) ঘরে বাইরে খ) শেষের কবিতা গ) চতুরঙ্গ ঘ) ডাকঘর উ: ঘ

০৯. 'ঘরে-বাইরে' গ্রন্থের রচয়িতা- [SUST-A : 19-20]
ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ঙ) কাজী নজরুল ইসলাম উ: গ

১০. 'ঐকতান' কবিতাটি কার লেখা? [HSTU-C : 19-20]
ক) কাজী নজরুল ইসলাম খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) জীবনানন্দ দাশ ঘ) অমিয় চক্রবর্তী উ: খ

১১. 'নৌকাডুবি' কী ? [JKKNIU-AP : 18-19]
ক) গল্পগুচ্ছ খ) উপন্যাস গ) নাটক ঘ) কাব্যগ্রন্থ উ: খ

১২. 'ছিন্নপত্র' রচয়িতার নাম কী? [JKKNIU-AP : 18-19]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) কাজী নজরুল ইসলাম
গ) রামপ্রসাদ রায় ঘ) অতুল চক্রবর্তী উ: ক

১৩. রবীন্দ্রনাথের কোন গ্রন্থটি নাটক? [JUST-E : 18-19]
ক) চোখের বালি খ) বলাকা
গ) ঘরে বাইরে ঘ) রক্তকরবী উ: ঘ

১৪. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা নয়? [BSMRSTU-D : 18-19]
ক) মুক্তধারা খ) মৃণালিনী গ) চতুরঙ্গ ঘ) রাজা উ: খ

১৫. রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কোথায় বসে লেখা? [PUST-C : 17-18]
ক) শিলাইদহ খ) পতিসর
গ) শাহজাদপুর ঘ) জোড়াসাঁকো উ: ক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

০১. 'হল' শব্দের অর্থ হচ্ছে– [GST-A : 22-23]
ⓚ বৈঠা ⓚ ধনুক
ⓖ লাঙল ⓖ বারুদ
উ: গ

০২. সম্প্রতি কাজী নজরুল ইসলামের কোন কবিতার শতবর্ষ উদ্‌যাপিত হয়েছে? [GST-A : 21-22]
ⓚ নারী ⓚ কামালপাশা
ⓖ বিদ্রোহী ⓖ আনন্দময়ীর আগমনে
উ: গ

০৩. 'শিউলিমালা' কাজী নজরুল ইসলামের কোন ধরনের রচনা? [SUST-A : 19-20]
ক) উপন্যাস খ) সঙ্গীত গ) কবিতা
ঘ) ছোটগল্প ঙ) নাটক
উ: ঘ

০৪. 'বিদ্রোহী' কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? [RSTU-C : 19-20; BSMRSTU-D : 19-20]
ক) চক্রবাক খ) বিজলী
গ) ধূমকেতু ঘ) নবযুগ
উ: খ

০৫. কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতার ক্ষেত্রে নিচের কোন তথ্যটি ঠিক? [KU-B : 19-20]
ক) অগ্নিবীণা : ১৯২২ খ) চক্রবাক : ১৯২৯
গ) সাম্যবাদী : ১৯২৫ ঘ) বিষের বাঁশী : ১৯৪২
উ: ক

০৬. কাজী নজরুল ইসলাম মৃত্যুবরণ করেন– [BSFMSTU-C : 19-20]
ক) ঢাকায় খ) বর্ধমানে
গ) কলকাতায় ঘ) কৃষ্ণনগরে
উ: ক

০৭. কাজী নজরুল ইসলামের গল্প কোনটি? [BSMRSTU-E : 19-20]
ক) পদ্মপুরাণ খ) পদ্মাবতী
গ) পদ্মগোখরা ঘ) পদ্মরাগ
উ: গ

০৮. 'আমি বেদুঈন, আমি চেঙ্গিস- আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ।' পঙ্‌ক্তিটির রচয়িতা কে? [JUST-E : 19-20]
ক) কাজী নজরুল ইসলাম খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) গোলাম মুস্তফা ঘ) ফররুখ আহমদ
উ: ক

০৯. কোনটি হযরত মুহম্মদ (স.) এর জীবনীগ্রন্থ? [IU-B : 19-20]
ক) মরু-ভাস্কর খ) মরুতীর্থ
গ) মরুকাব্য ঘ) মরুকুসুম
উ: ক

১০. নজরুলের সাথে তুলিত হন– [IU-B : 19-20]
ক) বায়রন খ) শেলী
গ) কীটস ঘ) সুকান্ত
উ: ক

১১. 'সাম্যবাদী' কবিতায় কে বাঁশির কিশোর? [BRUR-A : 19-20]
ক) চার্বাক খ) শ্রীকৃষ্ণ
গ) রাম ঘ) রামকৃষ্ণ
উ: খ

১২. '—— এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির-কাবা নাই।' লাইনটি নজরুলের কোন কবিতা থেকে নেওয়া হয়েছে? [JKKNIU-E : 19-20]
ক) মানুষ খ) বিদ্রোহী
গ) সাম্যবাদী ঘ) নির্ঝর
উ: গ

১৩. কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস– [HSTU-C : 19-20]
ক) বাঁধনহারা খ) কুহেলিকা
গ) মৃত্যু-ক্ষুধা ঘ) সংকল্প
উ: ক

১৪. কোনটি কাজী নজরুল ইসলাম রচিত কাব্যগ্রন্থ নয়? [JKKNIU-AP : 18-19]
ক) সর্বহারা খ) ঝড়
গ) কারাগার ঘ) ছায়ানট
উ: গ

১৫. কাজী নজরুল ইসলাম রচিত প্রথম গীতিগ্রন্থ কোনটি? [JKKNIU-AP : 18-19]
ক) অগ্নি-বীণা খ) বুলবুল
গ) গুলবাগিচা ঘ) সুরসাকী
উ: খ

১৬. 'রাজবন্দীর জবানবন্দী' গ্রন্থের লেখক কে? [MBSTU-D : 18-19]
ক) কাজী মোতাহার হোসেন খ) মোতাহের হোসেন চৌধুরী
গ) কাজী নজরুল ইসলাম ঘ) মুহম্মদ আবদুল হাই
উ: গ

১৭. কাজী নজরুল ইসলাম কত নম্বর বাঙালি পল্টনে সৈনিক হিসেবে যোগদান করেছিলেন? [NSTU-E : 18-19]
ক) ৪৩ খ) ৪৫ গ) ৪৭ ঘ) ৪৯
উ: ঘ

১৮. বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম কত সালে সেনাবাহিনীর বাঙালি পল্টনে যোগদান করেন? [JUST-D : 18-19]
ক) ১৯১৭ খ) ১৯১৬
গ) ১৯১৮ ঘ) ১৯১৯
উ: ক

১৯. 'বিদ্রোহী' কবিতাটি কাজী নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? [JUST-E : 18-19]
ক) দোলন-চাঁপা খ) অগ্নি-বীণা
গ) বাঁধন-হারা ঘ) বিষের বাঁশি
উ: খ

২০. কোনটি কাজী নজরুল ইসলামের গল্পগ্রন্থ নয়? [BSMRSTU-D : 18-19]
ক) শিউলিমালা খ) কুহেলিকা
গ) ব্যথার দান ঘ) রিক্তের বেদন
উ: খ

২১. কাজী নজরুল ইসলামের জীবনকাল কোনটি? [BSMRSTU-E : 18-19]
ক) ১৮৬১-১৯৪১ খ) ১৮৫৬-১৯৩৭
গ) ১৮৮৯-১৯৭৬ ঘ) ১৮৯৯-১৯৭৬
উ: ঘ

## Part 3 সম্ভাব্য MCQ

০১. অর্ফিয়াস কার পুত্র ছিলেন?
ক) ক্যালোপির খ) ইউরিডিসের
গ) গ্রেসের ঘ) শচীমাতার
উ: ক

০২. সুরের জাল বিস্তার করে মৃত ইউরিডিসের প্রাণ ফিরে পেতে চেয়েছিলেন–
ক) এ্যাপোলো খ) মিউজ
গ) ইগ্রাস ঘ) অর্ফিয়াস
উ: ঘ

০৩. 'হাবিয়া' কী?
ক) সুরের বিস্তার খ) বেহেশত
গ) দোজখ ঘ) ঝরনা
উ: গ

০৪. 'বিদ্রোহী' কবিতাটি 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থের কততম কবিতা?
ক) প্রথম খ) দ্বিতীয়
গ) তৃতীয় ঘ) চতুর্থ
উ: খ

০৫. পরশুরাম তাঁর মাকে কীভাবে বাঁচিয়ে তোলেন?
ক) মন্ত্রবলে খ) জাদু করে
গ) ধ্যান করে ঘ) সাধনাবলে
উ: ঘ

০৬. 'বিদ্রোহী' কবিতার মাধ্যমে প্রাতিস্বিক কবিকণ্ঠের আত্মপ্রকাশ ঘটে–
ক) রবীন্দ্রযুগে খ) আধুনিক যুগে
গ) রবীন্দ্র-পরবর্তী যুগে ঘ) পঞ্চ-পাণ্ডবের যুগে
উ: ক

০৭. কবিতায় ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে প্রকাশ পেয়েছে কবির–
ক) দম্ভ খ) ক্ষোভ
গ) ক্ষোভ ও বিদ্রোহ ঘ) আত্মজাগরণ
উ: গ

০৮. সপ্ত নরকের কথা কোন ধর্মে উল্লেখ রয়েছে?
ক) বৌদ্ধ খ) খ্রিষ্ট গ) ইসলাম ঘ) সনাতন
উ: ঘ



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৯. কবি নিজেকে কেমন ঝড় বলে অভিহিত করেছেন?
(ক) বৈশাখীর (খ) এলোকেশে
(গ) অকালের (ঘ) এলোমেলো
উ: খ

১০. আমি বিদ্রোহী-সুত বিশ্ব–
(ক) বিধাতার (খ) মাতার
(গ) বিধাত্রীর (ঘ) বিধাতৃর
উ: ঘ

১১. কবি নিজেকে লোকালয়ের বিপরীতে কী হিসেবে উল্লেখ করেছেন?
(ক) ধ্বংস (খ) অরণ্য
(গ) শ্মশান (ঘ) শশ্মান
উ: গ

১২. নজরুল নিজেকে কিসের অবসান বলেছেন?
(ক) নিশা (খ) দিবা
(গ) রাত্রি (ঘ) ধ্বংসের
উ: ক

১৩. ইন্দ্রাণী-সুত কে?
(ক) জয়ন্ত (খ) জয়ন্ত
(গ) ইন্দ্রপুত্র (ঘ) ভীম
উ: খ

১৪. ইন্দ্রাণী কে?
(ক) দেবী (খ) মহামায়া (গ) শ্যামা (ঘ) শচী
উ: ঘ

১৫. ইন্দ্রাণী-সুতের হাতে কী?
(ক) চাঁদ (খ) চন্দ্র
(গ) সূর্য (ঘ) চক্র
উ: ক

১৬. কবি কীসের বাঁশরী হতে চেয়েছেন?
(ক) বাঁশের (খ) বাঁকা বাঁশের
(গ) পাকা বাঁশের (ঘ) জঙ্গলের
উ: খ

১৭. কে এক হাতে বাঁশরী, আরেক হাতে রণ-তূর্য হতে চেয়েছেন?
(ক) অর্ফিয়াস (খ) শ্যাম
(গ) কবি স্বয়ং (ঘ) বিদ্রোহী
উ: গ

১৮. বেদুঈনরা কোন দেশের?
(ক) মধ্যপ্রাচ্যের (খ) সৌদির
(গ) ইরানের (ঘ) আরব দেশের
উ: ঘ

১৯. আরব দেশের যাযাবর জাতি কারা?
(ক) বেদেরা (খ) বেদুঈনরা
(গ) অর্ফিয়াসেরা (ঘ) বিদ্রোহীরা
উ: খ

২০. চেঙ্গিস খান কাদের নেতা?
(ক) মোঙ্গলজাতির (খ) যাযাবর জাতির
(গ) বেদুঈন জাতির (ঘ) জঙ্গিদের
উ: ক

২১. সৃষ্টির দেবতা কে?
(ক) ব্রহ্মা (খ) বিষ্ণু
(গ) শিব (ঘ) কৃষ্ণ
উ: ক

২২. মহা-প্রলয় কখন আসবে?
(ক) সৃষ্টিকালে (খ) বিনাশকালে
(গ) সৃষ্টির ধ্বংসকালে (ঘ) অকাল বৈশাখী
উ: গ

২৩. কবি মহা-প্রলয়ের কী হতে চেয়েছেন?
(ক) মহাভয় (খ) ডমরু
(গ) প্রণব-নাদ (ঘ) নটরাজ
উ: ঘ

২৪. কবি নিজেকে পৃথিবীর কী হিসেবে উল্লেখ করেছেন?
(ক) সাইক্লোন (খ) আশীর্বাদ
(গ) অভিশাপ (ঘ) মহাভয়
উ: গ

২৫. কবি কী মানেন না?
(ক) আইন (খ) বন্ধন
(গ) শৃঙ্খল (ঘ) নিয়ম
উ: ক

২৬. কবি কী ভরা-ডুবি করেন?
(ক) আইন (খ) মাইন
(গ) টর্পেডো (ঘ) ভরা-তরী
উ: ঘ

২৭. কবির শির দেখে কী নতশির হয়ে যায়?
(ক) হিমালয় (খ) হিমালয় শিখর
(গ) স্রষ্টা (ঘ) পর্বতমালা
উ: খ

২৮. কবি সকল বন্ধন, নিয়ম-কানুন-শৃঙ্খলকে কীভাবে অতিক্রম করে যান?
(ক) দ'লে (খ) পিষে
(গ) ভেঙে (ঘ) ডুবিয়ে
উ: ক

২৯. কবি নিজেকে কী ধরনের মাইন বলেছেন?
(ক) ভাসমান (খ) টর্পেডো
(গ) ভীম ভাসমান (ঘ) ভয়ানক
উ: গ

৩০. চেঙ্গিস খান মূলত–
(ক) যাযাবর (খ) বিদ্রোহী
(গ) যোদ্ধা (ঘ) বেদুঈন
উ: গ

৩১. কোন কোণ থেকে ওঙ্কার ধ্বনি ধ্বনিত হয়?
(ক) মরু (খ) ঈশাণ
(গ) সিন্ধু (ঘ) বিষাণ
উ: খ

৩২. ইস্রাফিলের শিঙ্গার কথা কোথায় উল্লেখ রয়েছে?
(ক) হাদিসে (খ) পুরাণে
(গ) বেদে (ঘ) কোরআনে
উ: ঘ

৩৩. পিনাক কী?
(ক) ডমরু (খ) ত্রিশূল
(গ) ধনু (ঘ) চক্র
উ: গ

৩৪. ডুগডুগি জাতীয় বাদ্যযন্ত্র কোনটি?
(ক) ডমরু (খ) পিণাক
(গ) শঙ্খ (ঘ) হল
উ: ক

৩৫. প্রণব-নাদ বলতে বোঝানো হয়েছে কোনটিকে?
(ক) হুঙ্কার (খ) শিঙ্গা ধ্বনি
(গ) পাশরি (ঘ) ওঙ্কার ধ্বনি
উ: ঘ

৩৬. কোপন-স্বভাব বিশিষ্ট মুনি কে?
(ক) বিশ্বামিত্র (খ) পরশুরাম
(গ) দুর্বাসা (ঘ) জমদগ্নি
উ: গ

৩৭. কে ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করেও ব্রাহ্মণত্ব লাভ করেছিলেন?
(ক) দুর্বাসা (খ) অর্ফিয়াস
(গ) পরশুরাম (ঘ) বিশ্বামিত্র
উ: ঘ

৩৮. কবিতায় 'গ্রীষ্ম'র প্রতিশব্দ হিসেবে কী ব্যবহৃত হয়েছে?
(ক) পাশরি (খ) নিদাঘ
(গ) হুতাশী (ঘ) নিষাদ
উ: খ

৩৯. গ্রিক পুরাণের গানের দেবতা কে?
(ক) এ্যাপোলো (খ) মিউজ
(গ) অর্ফিয়াস (ঘ) ইগ্রাস
উ: ক

৪০. 'বিদ্রোহী' কবিতায় 'আমি' শব্দটি কতবার ব্যবহৃত হয়েছে?
(ক) ৫০ (খ) ৫২ (গ) ৫৫ (ঘ) ৫৮
উ: গ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

পদ্যাংশ
অধ্যায় ৪

# প্রতিদান
জসীমউদ্দীন

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| কবি পরিচিতি | |
|---|---|
| জন্মপরিচয় | জসীমউদ্দীনের জন্ম ১ জানুয়ারি ১৯০৩, তাম্বুলখানা গ্রাম (মাতুলালয়), ফরিদপুর। পৈতৃক নিবাস : গোবিন্দপুর, ফরিদপুর। পিতা : আনসারউদ্দীন মোল্লা। মাতা : আমিনা খাতুন ওরফে রাঙাছুট। |
| বিভিন্ন নাম | জসীমউদ্দীন। পূর্ণনাম : মোহাম্মদ জসীমউদ্দীন মোল্লা। ছদ্মনাম : জসীমউদ্দীন মোল্লা। উপাধি : পল্লীকবি। |
| ছদ্মনামে প্রকাশ | ১৯৪১ সালের মার্চ থেকে জুলাই পর্যন্ত তিনি যত কবিতা রচনা করেছিলেন তা 'তুজম্বর আলী' ছদ্মনামে ছাপা হয়েছিল। |
| পুরস্কার | রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে ডি.লিট ডিগ্রি, ভারত (১৯৬৯); ১৯৭৪ সালে বাংলা একাডেমি পুরস্কার প্রত্যাখ্যান করেন; একুশে পদক, বাংলাদেশ (১৯৭৬); স্বাধীনতা দিবস পুরস্কার (১৯৭৮, মরণোত্তর)। |
| মৃত্যু | জসীমউদ্দীন ১৪ মার্চ ১৯৭৬ ঢাকায় মারা যান। সমাহিত : তাঁর অন্তিম ইচ্ছানুসারে ফরিদপুরের অম্বিকাপুর গ্রামে তাঁর দাদির কবরের পাশে সমাহিত করা হয়। |
| **সাহিত্যকর্ম** | |
| কাব্যগ্রন্থ | রাখালী, বালুচর, ধানখেত, রূপবতী, মাটির কান্না, সকিনা, স্মরণের সেই দিনগুলিতে, হলুদ বরণী, জলের লেখন, পদ্মানদীর দেশে, কাফনের মিছিল, মহরম, দুমুখো চাঁদ পাহাড়ি, সুচয়নী। |
| গাথাকাব্য | নক্সী কাঁথার মাঠ, সোজন বাদিয়ার ঘাট, মা যে জননী কান্দে। |
| নাটক | পদ্মাপাড়, বেদের মেয়ে, মধুমালা, পল্লীবধূ, গ্রামের মায়া, ওগো পুষ্পধনু, আসমান সিংহ। |
| আত্মকথা | যাদের দেখেছি, ঠাকুর বাড়ির আঙিনায় (স্মৃতিকথা), জীবনকথা (আত্মজীবনী), স্মৃতিপট, স্মরণের সরণী বাহি। |
| গানের সংকলন | রঙিলা নায়ের মাঝি, গাঙের পাড়, জারিগান, মুর্শিদা গান। |
| উপন্যাস | বোবা কাহিনী (১৯৬৪), বউ টুবানীর ফুল। |
| শিশুতোষ গ্রন্থ | হাসু, এক পয়সার বাঁশী, ডালিমকুমার। |
| হাস্যরসাত্মক | বাঙালির হাসির গল্প। |
| ভ্রমণকাহিনি | চলে মুসাফির, হলদে পরীর দেশ, যে দেশে মানুষ বড়, জার্মানীর শহরে বন্দরে। |
| অনুবাদ | ই.এম.মিলফোর্ড জসীমউদ্দীনের 'নকশী কাঁথার মাঠ' কাব্যটি 'Field of the Embroidered Quilt' নামে অনুবাদ করেন। 'বাঙালির হাসির গল্প' গ্রন্থটি 'FOLK TALES OF BANGLADESH' নামে ইংরেজিতে অনূদিত হয়েছে। |

### কবিতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- যে কবির ঘর ভেঙেছে, কবি তার জন্য– ঘর বেঁধে দেন।
- 'বিষে-ভরা বাণ' অর্থ– কটু কথা।
- 'মালঞ্চ' শব্দের অর্থ– ফুলের বাগান।
- 'যেবা' শব্দের অর্থ– যে বা যিনি।
- কবি কার কূল বাঁধেন– যে তাঁর কূল ভেঙেছে।
- কবি কেঁদে বেড়ান– যে কবিকে পর করেছে।
- কবি যার জন্য কাঁদেন– যে কবির বুকে আঘাত হেনেছে।
- কবি পরের জন্য কেঁদে বেড়ান– পরকে আপন করতে।
- কবি পথে পথে ফিরেন– যে তাঁকে পথের বিবাগী করেছে।
- 'প্রতিদান' কবিতায় কবিকে আঘাত হানা হয়েছে– বুকে।
- কবি 'বিষে-ভরা বাণ'র প্রতিদানে দিয়েছেন– বুকভরা গান।
- 'প্রতিদান' কবিতায় কাঁটা পেয়ে কবি দান করেন– ফুল।
- কবিকে যেমন বাণ দেওয়া হয়েছে– বিষে ভরা।
- কবি পথে ঘুরে ফিরেন– পথের বিবাগী হয়ে।
- অন্যেরা কবির বুকে বাঁধতে চায়– কবর।
- যে কবির বুকে কবর বেঁধেছে, কবি তার– বুক ভরে দিতে চান।
- কবিতায় যেমন ফুলের উল্লেখ রয়েছে– রঙিন।
- কবি মিঠেরিয়া বাণীর মুখখানি– ভরে বা হাতে তুলে দেন।
- 'প্রতিদান' কবিতায় চরণ রয়েছে– ১৮ চরণ।
- 'স্থান বা আশ্রয়' শব্দের যে প্রতিশব্দটি কবিতায় ব্যবহৃত হয়েছে– ঠাঁই।
- কবিতায় কবি ক্ষুদ্র স্বার্থকে বিসর্জন দিতে বলেছেন– জীবনকে সার্থক করতে।
- ব্যক্তির প্রকৃত সুখ ও জীবনের সার্থকতা নিহিত রয়েছে– পরার্থপরতায়।
- 'প্রতিদান' কবিতায় কবির উচ্চারণ– প্রতিশোধ-প্রতিহিংসার বিপরীত।
- কবি ভালোবাসাপূর্ণ মানুষ কামনা করেছেন– নিরাপদ পৃথিবীর জন্য।
- সুন্দর ও নিরাপদ পৃথিবীর জন্য দরকার– ভালোবাসাপূর্ণ মানুষ।
- কবি তার ঘরই গড়ে দিতে চান– যে তাঁর ঘর ভেঙেছে।
- কবি তাকেই আপন করতে কেঁদে বেড়ান– যে তাঁকে পর করেছে।
- যে কবির ঘুম কেড়ে নিয়েছে কবি তার জন্য– দীঘল রজনী জাগেন।
- যে কবির কূল ভেঙেছে– কবি তার কূল বাঁধেন।
- যে কবির বুকে আঘাত করেছে– কবি তার জন্য কাঁদেন।
- বিষে-ভরা বাণের বদলে কবি দিতে চেয়েছেন– বুক ভরা গান।
- কবি কাঁটার বদলে দিতে চেয়েছেন– ফুল।

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

০১. 'কবর' কবিতায় বুড়ের ছোট মেয়ে কত বছর বয়সে মারা যায়? [NU-Science : 14-15]
(ক) ৫ বছর (খ) ৬ বছর (গ) ৭ বছর (ঘ) ৮ বছর

০২. কবি জসীমউদ্দীনের জন্ম-মৃত্যু সাল – [NU-Science : 04-05]
(ক) ১৯০৩-১৯৭৬ (খ) ১৯০৪-১৯৭৮
(গ) ১৯০৩-১৯৭০ (ঘ) ১৯০২-১৯৭৭

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

০১. 'প্রতিদান' কবিতায় কবি বিষেভরা বাণ পেয়ে বিনিময়ে কী দান করেছেন? [GST-B : 23-24]
(ক) ফুল-মালঞ্চ (খ) শ্রাবণের ধারা
(গ) কান্নাভরা প্রাণ (ঘ) বুকভরা গান

০২. 'প্রতিদান' কবিতার মূল প্রতিপাদ্য কী? [GST-B : 22-23]
(ক) ব্যক্তিস্বার্থ (খ) পরার্থপরতা
(গ) আত্মগ্লানি (ঘ) প্রকৃতি-বন্দনা

০৩. জসীমউদ্দীনের কোন কাব্য বিভিন্ন বিদেশি ভাষায় অনূদিত হয়েছে? [HSTU-C : 19-20]
(ক) সোজন বাদিয়ার ঘাট (খ) বালুচর
(গ) নকশী কাঁথার মাঠ (ঘ) রঙিলা নায়ের মাঝি

০৪. বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকা অবস্থায় কোন কবির কবিতা প্রবেশিকা বাংলা সংকলনের অন্তর্ভুক্ত হয়েছিল? [JKKNIU-AP : 18-19]
(ক) জসীমউদ্দীন (খ) সুফিয়া কামাল
(গ) ফররুখ আহমদ (ঘ) শামসুর রাহমান

০৫. 'আসমানীদের দেখতে যদি তোমরা সবে চাও' লাইনটি কোন কবির লেখা? [BSMRSTU-E : 18-19]
(ক) জসীমউদ্দীন (খ) সত্যেন্দ্রনাথ দত্ত
(গ) কামিনী রায় (ঘ) মোজাম্মেল হক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## Part 4 সম্ভাব্য MCQ

০১. জসীমউদ্‌দীন কোন পুরস্কারটি মৃত্যুর পর পান?
ⓚ প্রাইড অফ পারফরম্যান্স ⓛ বাংলা একাডেমি পুরস্কার
ⓖ একুশে পদক ⓘ স্বাধীনতা দিবস পুরস্কার
উ: ⓘ

০২. জসীমউদ্‌দীন কত বছর বেঁচে ছিলেন?
ⓚ ৭১ বছর ⓛ ৭৩ বছর
ⓖ ৭৫ বছর ⓘ ৭৮ বছর
উ: ⓛ

০৩. কবির নিজের নির্মিত বাড়িটি কোথায় ছিল?
ⓚ কমলাপুরে ⓛ অম্বিকাপুরে
ⓖ গুলশানে ⓘ রোজ গার্ডেন
উ: ⓚ

০৪. কবি কোন ধরনের সমাজ-ব্যবস্থার দৃঢ় সমর্থক ছিলেন?
ⓚ গণতান্ত্রিক ⓛ রাজতন্ত্র
ⓖ সমাজতান্ত্রিক ⓘ প্রগতিশীল
উ: ⓖ

০৫. কবি লোকসঙ্গীত সংগ্রহ করেছেন—
ⓚ পাঁচ হাজার ⓛ দশ হাজার
ⓖ দশ হাজারেরও বেশি ⓘ দশ হাজারেরও কম
উ: ⓖ

০৬. যে কবির ঘর ভাঙে, কবি তার জন্য কী করেন?
ⓚ প্রসাদ গড়েন ⓛ ঘর বাঁধেন
ⓖ ফুল বাঁধেন ⓘ ভেঙে দেন
উ: ⓛ

০৭. 'প্রতিদান' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?
ⓚ বালুচর ⓛ ধানখেত
ⓖ রাখালী ⓘ রূপবতী
উ: ⓚ

০৮. যে কবিকে পর করেছে, কবি তার জন্য কী করেন?
ⓚ পর করে দেন ⓛ আপন করে নেন
ⓖ আকুল হয়ে উঠেন ⓘ পথের বিবাগী হন
উ: ⓛ

০৯. পরকে আপন করতে কবি কী করেন?
ⓚ জেগে থাকেন ⓛ ফুল দান করেন
ⓖ পথের বিবাগী হন ⓘ কেঁদে বেড়ান
উ: ⓘ

১০. কবি কাকে আপন করতে কেঁদে বেড়ান?
ⓚ বন্ধুকে ⓛ আত্মীয়কে
ⓖ পরকে ⓘ পরোপকারীকে
উ: ⓖ

১১. কোনটি জসীমউদ্‌দীনের ভ্রমণকাহিনি?
ⓚ নকশী কাঁথার মাঠ ⓛ যে দেশে মানুষ বড়
ⓖ পদ্মরাগ ⓘ ঠাকুর বাড়ির আঙ্গিনায়
উ: ⓛ

১২. 'নকশী কাঁথা' কোন কবির কাব্যকে আশ্রয় করে বিশ্বব্যাপী পরিচিতি পেয়েছে?
ⓚ জীবনানন্দ দাশ ⓛ কাজী নজরুল ইসলাম
ⓖ বন্দে আলী মিয়া ⓘ জসীমউদ্‌দীন
উ: ⓘ

১৩. জসীমউদ্‌দীনের কাব্য কোনটি?
ⓚ মা যে জননী কান্দে ⓛ ময়নামতির চর
ⓖ রস কদম্ব ⓘ বনতুলসী
উ: ⓚ

১৪. জসীমউদ্‌দীন রচিত শিশুতোষ কাব্য—
ⓚ রাখালী ⓛ এক পয়সার বাঁশী
ⓖ সোজন বাদিয়ার ঘাট ⓘ নকশী কাঁথার মাঠ
উ: ⓛ

১৫. জসীমউদ্‌দীনের 'আসমানী' চরিত্রটির বাড়ি কোথায়?
ⓚ গোপালগঞ্জ ⓛ ফরিদপুর
ⓖ রাজবাড়ী ⓘ মাদারীপুর
উ: ⓛ

১৬. জসীমউদ্‌দীনের 'কবর' কবিতার দাদু শাপলার হাটে কী বিক্রি করতেন?
ⓚ আম ⓛ পাট
ⓖ তরমুজ ⓘ মাছ
উ: ⓖ

১৭. 'বেদের মেয়ে' গীতিনাট্য কে লিখেছেন?
ⓚ কাজী নজরুল ইসলাম ⓛ জসীমউদ্‌দীন
ⓖ ড. নীলিমা ইব্রাহীম ⓘ সাঈদ আহমদ
উ: ⓛ

১৮. 'রঙ্গিলা নায়ের মাঝি' এর লেখক হলেন—
ⓚ জসীমউদ্‌দীন ⓛ ফররুখ আহমদ
ⓖ ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ⓘ অতুল প্রসাদ
উ: ⓚ

১৯. 'এ-গাঁর চাষী নিঘুম রাতে বাঁশের বাঁশীর সুরে/ওইনা গাঁয়ের মেয়ের সাথে গহন ব্যথায় ঝুঁরে।' চরণ দুটি যে বিখ্যাত রচনার অন্তর্গত—
ⓚ নকশী কাঁথার মাঠ ⓛ দেওয়ানা মদিনা
ⓖ চক্রবাক ⓘ মহুয়া
উ: ⓚ

২০. নিচের কোন কবি লোকসাহিত্য সংগ্রাহক ছিলেন?
ⓚ কাজী নজরুল ইসলাম ⓛ সমর সেন
ⓖ আবুল হোসেন ⓘ জসীমউদ্‌দীন
উ: ⓘ

২১. 'কবর' কবিতাটি প্রথম যখন স্কুলপাঠ্য হিসেবে অন্তর্ভুক্ত হয় তখন জসীমউদ্‌দীন ছিলেন—
ⓚ কলেজছাত্র ⓛ বিশ্ববিদ্যালয়ের ছাত্র
ⓖ কলেজশিক্ষক ⓘ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক
উ: ⓛ

২২. পল্লিকবি জসীমউদ্‌দীনের উপন্যাস মোট কয়টি?
ⓚ একটি ⓛ দুইটি
ⓖ বারটি ⓘ চৌদ্দটি
উ: ⓛ

২৩. কোন মিলটি ঠিক?
ⓚ অবরোধবাসিনী, তসলিমা নাসরিন ⓛ সঞ্চয়িতা, কাজী নজরুল ইসলাম
ⓖ জসীমউদ্‌দীন, সোজন বাদিয়ার ঘাট ⓘ সঞ্চিতা, রবীন্দ্রনাথ ঠাকুর
উ: ⓖ

২৪. 'কবর' কবিতায় বৃদ্ধ তাঁর কোন আত্মীয়কে সোনালি উষার সোনামুখের সঙ্গে তুলনা করেছেন?
ⓚ স্ত্রীকে ⓛ পুত্রবধুকে
ⓖ কন্যাকে ⓘ নাতনীকে
উ: ⓚ

২৫. জসীমউদ্‌দীন কোন বিশ্ববিদ্যালয় থেকে ডক্টর অব লিটারেচার ডিগ্রি লাভ করেন?
ⓚ ঢাকা বিশ্ববিদ্যালয় ⓛ কলকাতা বিশ্ববিদ্যালয়
ⓖ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় ⓘ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়
উ: ⓖ

২৬. আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর— এ পঙ্‌ক্তিতে কী বোঝানো হয়েছে?
ⓚ পরোপকার ⓛ কৃতজ্ঞতাবোধ
ⓖ সর্বংসহা মনোভাব ⓘ আত্মগ্লানি
উ: ⓖ

২৭. 'প্রতিদান' কবিতায় কবি কাঁটা পেয়ে কী দান করেছেন?
ⓚ ফুল ⓛ ঘৃণা
ⓖ বাণ ⓘ ঘর
উ: ⓚ

২৮. জসীমউদ্‌দীনের সংগ্রহশালা কোথায় অবস্থিত?
ⓚ তাম্বুলখানায় ⓛ ফরিদপুরে
ⓖ রাজেন্দ্রপুরে ⓘ গোবিন্দপুরে
উ: ⓛ

২৯. পূর্ববঙ্গীয় গীতিকার সংগ্রাহক ছিলেন—
ⓚ জীবনানন্দ দাশ ⓛ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ জসীমউদ্‌দীন ⓘ আফসারউদ্দীন মোল্লা
উ: ⓖ

৩০. জসীমউদ্‌দীন প্রচার বিভাগের কোন পদ থেকে অবসর গ্রহণ করেন?
ⓚ ডেপুটি ডাইরেক্টর ⓛ রিসার্চ অ্যাসিস্ট্যান্ট
ⓖ অফিসার ⓘ অর্গানাইজার
উ: ⓚ



CamScanner

পদ্যাংশ
অধ্যায় ৬

# তাহারেই পড়ে মনে
## সুফিয়া কামাল

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| কবি পরিচিতি | |
|---|---|
| জন্মপরিচয় | জন্ম : ২০ জুন ১৯১১ খ্রিষ্টাব্দ, শায়েস্তাবাদ, বরিশাল। পিতা : সৈয়দ আবদুল বারী। মাতা : সাবেরা বেগম। |
| উপাধি | জননী সাহসিকা। |
| ডাকনাম | ডাকনাম : হাসনা বানু (নামটি তার নানি রেখেছিলেন। নানা নাম রাখেন সুফিয়া খাতুন)। |
| উপাধি | তিনি বাংলাদেশের জনগণের কাছে 'জননী সাহসিকা' অভিধায় ভূষিত হয়েছেন। |
| পদক বর্জন | পাকিস্তান সরকার কর্তৃক প্রদত্ত 'তমঘা-ই-ইমতিয়াজ' পদক বর্জন। |
| সম্পাদক | তিনি 'বেগম পত্রিকা'র (১৯৪৭) সম্পাদক ছিলেন। |
| পুরস্কার ও পদক | তিনি বুলবুল ললিতকলা একাডেমি পুরস্কার, মুক্তধারা সাহিত্য পুরস্কার, বেগম রোকেয়া পদক (১৯৯৬), স্বাধীনতা পুরস্কার (১৯৯৭)। |
| জীবনাবসান | ২০ নভেম্বর ১৯৯৯ খ্রিষ্টাব্দ, ঢাকা। |
| **সাহিত্যকর্ম** | |
| কাব্যগ্রন্থ | সাঁঝের মায়া (১৯৩৮), মায়া কাজল (১৯৫১), উদাত্ত পৃথিবী (১৯৬৪), মন ও জীবন (১৯৫৭), মৃত্তিকার ঘ্রাণ, প্রশস্তি ও প্রার্থনা। |
| গল্পগ্রন্থ | কেয়ার কাঁটা (১৯৩৭) : প্রথম গ্রন্থ। |
| ভ্রমণকাহিনি | সোভিয়েতের দিনগুলি (১৯৬৮)। |
| স্মৃতিকথা | একাত্তরের ডায়েরী। |
| শিশুতোষ গ্রন্থ | ইতল বিতল, নওল কিশোরের দরবারে। |
| আত্মজীবনী | একালে আমাদের কাল (১৯৮৮)। |
| বিখ্যাত কবিতা | তাহারেই পড়ে মনে : *সাঁঝের মায়া* কাব্যগ্রন্থের অন্তর্গত। |
| | রূপসী বাংলা : *সাঁঝের মায়া* কাব্যগ্রন্থের অন্তর্গত। |

### কবিতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ☑ 'হে কবি, নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়' এর পরের লাইন– বসন্তে বরিয়া তুমি লবে না কি তব বন্দনায়?
- ☑ 'গিয়াছে চলিয়া ধীরে পুষ্পশূন্য দিগন্তের পথে' যে চলে গিয়েছে– মাঘের সন্ন্যাসী।
- ☑ 'কহিল সে স্নিগ্ধ আঁখি তুলি-/ দক্ষিণ দুয়ার গেছে খুলি?' উক্তিটিতে যার কথা বলা হয়েছে– বসন্ত প্রকৃতির।
- ☑ 'কহিলাম "ওগো কবি! রচিয়া লহ না আজও গীতি,/ বসন্ত-বন্দনা তব কণ্ঠে শুনি– এ মোর মিনতি।' যে কবিতার অংশ– তাহারেই পড়ে মনে।
- ☑ 'হে কবি! নীরব কেন– ফাগুন যে এসেছে ধরায়, বসন্তে বরিয়া তুমি লবে না কি তব বন্দনায়?' উক্তিটি– কবির প্রতি ভক্তবৃন্দের।
- ☑ মাঘের সন্ন্যাসী যেভাবে গেছে– রিক্ত হস্তে।
- ☑ মাঘের সন্ন্যাসী যেথায় গেছে– পুষ্পশূন্য দিগন্তে।
- ☑ এ কবিতায় গানের কথা বলা হয়েছে– আগমনী গান।
- ☑ 'তাহারেই পড়ে মনে' কবিতার মূল বিষয়– জীবনের বিষাদময় রিক্ততার সুর।
- ☑ সুফিয়া কামালের পারিবারিক পরিবেশে ব্যবহার করা হতো– উর্দু ভাষা।
- ☑ 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'কহিল' ও 'কহিলাম' শব্দটি ব্যবহৃত হয়েছে– কহিল ৫ বার এবং কহিলাম ৪ বার।
- ☑ 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'প্রশ্নবোধক চিহ্ন' ব্যবহৃত হয়েছে– ১৯ বার।
- ☑ 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'তাহারেই পড়ে মনে' ব্যবহৃত হয়েছে– ১ বার।
- ☑ 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'বসন্ত' শব্দটি আছে– ৪ বার।
- ☑ বাংলাদেশের জন-মানসে নন্দিত মাতৃমূর্তিতে ভাস্বর হয়েছেন– সুফিয়া কামাল।
- ☑ ধরায় ফাগুন এসেছে– বসন্তকে বরণ করে নেওয়ার জন্য।
- ☑ বসন্তে কবির প্রত্যাশিত ছিল– পুষ্পসাজ।
- ☑ 'ঋতুর রাজন' বলতে কবি বুঝিয়েছেন– ঋতুরাজ বসন্তকে।
- ☑ 'গিয়াছে চলিয়া ধীরে পুষ্পশূন্য দিগন্তের পথে।' চলে গেছে– কবির প্রিয় মানুষ।
- ☑ দখিনা সমীর অধীর আকুল হয়– বাতাবি নেবুর ফুল ও আমের মুকুলের গন্ধে।
- ☑ 'তাহারেই পড়ে মনে' কবিতাটি– কথোপকথনধর্মী।
- ☑ 'তরী তার এসেছে কি? বেজেছে কি আগমনী গান?/ ডেকেছে কি সে আমারে? শুনি নাই, রাখি নি সন্ধান।' পঙ্‌ক্তিদ্বয় যে কবিতার অংশ– তাহারেই পড়ে মনে।
- ☑ 'মিনতি' শব্দটি গঠিত হয়েছে– সংস্কৃত বিনতি এবং আরবি মিনত শব্দ থেকে।
- ☑ 'তাহারেই পড়ে মনে' কবিতার স্তবক সংখ্যা– পাঁচটি।
- ☑ 'এখনো দেখনি তুমি' এ প্রশ্ন– কবিভক্তের।
- ☑ 'আঁখি' শব্দের বিবর্তিত রূপ– অক্ষি।
- ☑ 'ভুলিতে পারি না কোনো মতে' এ বাক্যে 'না' যে পদ– ক্রিয়া বিশেষণ।
- ☑ 'তাহারেই পড়ে মনে' কবিতার প্রধান গুণ– প্রকৃতি ও মানবমনের সম্পর্ক।
- ☑ 'শুনি নাই, রাখিনি সন্ধান' কবি সন্ধান রাখেননি– বসন্তের।
- ☑ 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির যে জীবনের প্রভাব রয়েছে– ব্যক্তিজীবনের।
- ☑ কবিভক্তের কবির কাছে যা শোনার জন্য মিনতি– আগমনী গান।
- ☑ কবি সুফিয়া কামালের ভাষায় ফাগুন এসেছে– ধরায়।
- ☑ ফাগুনকে স্মরণ করে যার আগমন বার্তা ধ্বনিত হয়েছে– বসন্তের।
- ☑ কুহেলী উত্তরী তলে চলে গেছে– মাঘের সন্ন্যাসী।
- ☑ 'তাহারেই পড়ে মনে' কবিতায় বসন্তের বিপরীতে স্থাপন করা হয়েছে– শীত ঋতুকে।
- ☑ যে বেলায় ফুল ফোটেনি বলে কবি প্রশ্ন রেখেছেন– ফাগুন।
- ☑ যাকে সাদর আমন্ত্রণ জানানোর জন্যই যেন ফুল ফোটে– বসন্তকে।
- ☑ 'তাহারেই পড়ে মনে' কবিতায় ঋতুরাজ বলা হয়েছে– বসন্তকে।
- ☑ কবি সুফিয়া কামাল কিছুতেই ভুলতে পারছেন না– শীতের করুণ বিদায়কে।
- ☑ কবির গল্পের সংকলন 'কেয়ার কাঁটা' প্রকাশিত হয়– ১৯৩৭ সালে।

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

০১. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি বসন্তের প্রতিশব্দ হিসেবে ব্যবহার করেছেন– [NU-Science : 10-11]
ⓚ ঋতুরাজ ⓛ ঋতুশ্রেষ্ঠ
ⓜ ঋতুপতি ⓝ কুসুমাকর
উ: ক

০২. "ডেকেছে কি সে আমারে? শুনি নাই, রাখিনি সন্ধান।" –চরণটি কোন কবিতার? [NU-Science : 07-08]
ⓚ জীবন-বন্দনা ⓛ তাহারেই পড়ে মনে
ⓜ পাঞ্জেরি ⓝ ধন্যবাদ
উ: খ

০৩. 'তাহারেই পড়ে মনে, ভুলিতে পারি না কোন মতে।' কাকে? [NU-Science : 05-06]
ⓚ স্বামীকে ⓛ বসন্তকে
ⓜ শীতকে ⓝ প্রিয়জনকে
উ: গ

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

০১. 'কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী' ।– এখানে 'মাঘের সন্ন্যাসী' কে? [GST-A : 22-23]
ⓚ শীত ⓛ কবি নিজে
ⓜ কবির প্রিয়জন ⓝ ঝরাপাতা
উ: ক

০২. কোনটি সুফিয়া কামালের কাব্যগ্রন্থ নয়? [GST-A : 21-22]
ⓚ সাঁঝের মায়া ⓛ কেয়ার কাঁটা
ⓜ কুহু ও কেকা ⓝ মায়া কাজল
উ: গ

০৩. 'কহিল সে স্নিগ্ধ আঁখি তুলি-/দক্ষিণা দুয়ার গেছে খুলি?' এখানে কবির কোন অভিব্যক্তি প্রকাশ পেয়েছে? [KU-B : 19-20]
ⓚ অলসতা ⓛ নিস্পৃহতা
ⓜ অনাসক্ততা ⓝ উদাসীনতা
উ: ঘ

০৪. নিচের কোন বইটি সুফিয়া কামাল রচিত? [BSMRSTU-E : 19-20]
ⓚ একাত্তরের দিনগুলি ⓛ একাত্তরের দলিল
ⓜ একাত্তরের ডায়রী ⓝ একাত্তরের চিঠি
উ: গ



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৫. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি কোন ছন্দে রচিত? [BSMRSTU-G : 19-20]
ⓚ স্বরবৃত্ত ⓚ মাত্রাবৃত্ত
ⓖ অক্ষরবৃত্ত ⓖ অমিত্রাক্ষর
উ: ⓖ

০৬. কুহেলি শব্দের অর্থ কী? [JUST-E : 19-20; HSTU-C : 19-20; JKKNIU-AP : 18-19]
ⓚ কুয়াশা ⓚ চাদর
ⓖ সমুদ্র ⓖ বাতাস
উ: ⓚ

০৭. 'তাহারেই মনে পড়ে' কবিতায় কবির বসন্ত বিমুখতার কারণ– [CoU-C : 19-20]
ⓚ অভিমান ⓚ প্রিয় বিয়োগ
ⓖ রাগ ⓖ দ্বিধা
উ: ⓚ

০৮. 'তাহারেই পড়ে মনে' কবিতাকে কোন সুর আচ্ছন্ন করে আছে? [BRUR-A : 19-20]
ⓚ প্রকৃতির মর্মর সুর ⓚ পুষ্পিত বসন্তের সুর
ⓖ অফুরন্ত আনন্দ সুর ⓖ বিষাদময় রিক্ততার সুর
উ: ⓖ

০৯. 'কহিল সে কাছে সরে আসি–' পরের পঙ্‌ক্তি কোনটি? [HSTU-D : 19-20]
ⓚ নাই হলো, না হোক এবারে ⓚ বৃথা কেন? ফাগুন বেলায়
ⓖ অলখের পাথর বাহিয়া
ⓖ কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী
উ: ⓖ

১০. 'সাঁঝের মায়া' কার লেখা? [HSTU-D : 19-20]
ⓚ বেগম রোকেয়া ⓚ আলী আহসান
ⓖ বেগম সুফিয়া কামাল ⓖ কায়কোবাদ
উ: ⓖ

১১. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কোন মাসের উল্লেখ আছে? [HSTU-C : 19-20]
ⓚ কার্তিক ও অগ্রহায়ণ ⓚ অগ্রহায়ণ ও পৌষ
ⓖ পৌষ ও মাঘ ⓖ মাঘ ও ফাল্গুন
উ: ⓖ

১২. নিচের কোনটি সুফিয়া কামালের গ্রন্থ নয়? [CoU-B : 18-19]
ⓚ সাঁঝের মায়া ⓚ মায়ার খেলা
ⓖ মায়া কাজল ⓖ কেয়ার কাঁটা
উ: ⓚ

১৩. 'কুহেলি উত্তরী' বলতে কবি কী বুঝিয়েছেন? [BRUR-A : 18-19]
ⓚ মাঘের হিম ⓚ শীতের তীব্রতা
ⓖ কুয়াশার চাদর ⓖ বসন্তের বাতাস
উ: ⓖ

## Part 4 সম্ভাব্য MCQ

০১. 'তাহারেই পড়ে মনে' কবিতাটিতে কোন সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক তাৎপর্যময় অভিব্যক্তি পেয়েছে?
ⓚ প্রকৃতি ও মানবমনের ⓚ প্রকৃতি ও মানুষের জীবন প্রবাহের
ⓖ মানুষ ও জীবজন্তুর জীবনযাপন ⓖ প্রকৃতি ও পশুপাখির
উ: ⓚ

০২. সুফিয়া কামালের জন্মের সময় বাঙালি মুসলিম নারীদের কেমন জীবন কাটাতে হতো?
ⓚ বাধাহীন ⓚ উন্মুক্ত
ⓖ গৃহবন্দি ⓖ দারিদ্র্যে
উ: ⓖ

০৩. নিচের কোনটি সুফিয়া কামাল রচিত নয়?
ⓚ সাঁঝের মায়া ⓚ মায়া কাজল
ⓖ মতিচূর ⓖ উদাত্ত পৃথিবী
উ: ⓖ

০৪. সুফিয়া কামালের উপাধি নিচের কোনটি?
ⓚ জননী সাহসিকা ⓚ শহিদ জননী
ⓖ সাহসী জননী ⓖ মূর্তিমতী জননী
উ: ⓚ

০৫. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কয়টি চরিত্রের উপস্থিতি রয়েছে?
ⓚ একটি ⓚ দুটি
ⓖ তিনটি ⓖ চারটি
উ: ⓚ

০৬. 'তাহারেই পড়ে মনে' এখানে 'তাহারে' কোন ধরনের পদ?
ⓚ বিশেষ্য ⓚ বিশেষণ
ⓖ সর্বনাম ⓖ অব্যয়
উ: ⓖ

০৭. 'তাহারেই পড়ে মনে' কবিতায় শীতকে 'মাঘের সন্ন্যাসী' বলার কারণ কী?
ⓚ শীতকাল বার বার শূন্য হাতে ফিরে আসে
ⓚ শীতকাল খালি হাতে বিদায় নেয়
ⓖ শীতকাল কুয়াশার চাদর গায়ে বিদায় নেয়
ⓖ শীতকালে গাছের পাতা ঝরে যাওয়ায়
উ: ⓖ

০৮. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কোন ফুলের কুঁড়ির গন্ধের কথা বলা হয়েছে?
ⓚ মালতি ⓚ মাধবী
ⓖ জুঁই ⓖ চাঁপা
উ: ⓚ

০৯. কুয়াশার চাদর গায়ে জড়িয়ে কে আসে?
ⓚ শীত ⓚ বসন্ত
ⓖ শরৎ ⓖ চৈত্র
উ: ⓚ

১০. 'তাহারেই পড়ে মনে' কবিতাটির গঠনরীতি কোন বৈশিষ্ট্যের?
ⓚ বর্ণনাত্মক ⓚ মহাকাব্যিক
ⓖ নাটকীয় ⓖ শোকধর্মী
উ: ⓖ

১১. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি নীরব কেন?
ⓚ আনন্দে ⓚ ব্যথায়
ⓖ অসুস্থতায় ⓖ শোকে
উ: ⓖ

১২. কবির ঋতুরাজকে উপেক্ষার কারণ কী?
ⓚ প্রিয়জনের মৃত্যু ⓚ সৌন্দর্যের প্রতি বিতৃষ্ণাবোধ
ⓖ প্রিয়জনের প্রতি অভিমান ⓖ মানসিক ভারসাম্যহীনতা
উ: ⓚ

১৩. বসন্ত কবির কাছে অর্থহীন কেন?
ⓚ বসন্ত কবিকে মুগ্ধ করে না ⓚ প্রিয়জন কাছে নেই
ⓖ বসন্তের আগমন কবির কাছে অজানা ⓖ বসন্ত সৌন্দর্যহীন
উ: ⓚ

১৪. 'তাহারেই পড়ে মনে' কবিতায় বসন্ত ঋতু কবির মনে সাড়া জাগাতে পারছে না কেন?
ⓚ বসন্তের সৌন্দর্যহীনতার জন্য ⓚ শীতের রিক্ততার জন্য
ⓖ কবির বেদনার্ত হৃদয়ের জন্য ⓖ কবির উদাসীনতার জন্য
উ: ⓖ

১৫. কোন উক্তিতে কবির উদাসীনতা ফুটে উঠেছে?
ⓚ ফুটেছে কি আমের মুকুল? ⓚ বাতাবি নেবুর ফুল ফুটেছে কি?
ⓖ কোথা তব নব পুষ্পসাজ? ⓖ এসেছে তা ফাগুনে স্মরিয়া।
উ: ⓖ

১৬. কবি সুফিয়া কামালকে সমস্ত সৌন্দর্য স্পর্শ করতে পারে না কেন?
ⓚ বেদনার সাগরে নিমজ্জিত থাকায় ⓚ আনন্দের ফোয়ারা বয়ে যাওয়ায়
ⓖ সৌন্দর্যে কবি আকৃষ্ট নন ⓖ কবি প্রেমপিয়াসী বলে
উ: ⓚ

১৭. 'এখনো দেখনি তুমি?' কথাটি দিয়ে কবিমনের কোন অবস্থার কথা নির্দেশ করা হয়েছে?
ⓚ শোক ⓚ রিক্ততা
ⓖ আনন্দ ⓖ উদাসীনতা
উ: ⓖ

১৮. বসন্তের প্রতি তীব্র বিমুখতা কার?
ⓚ কবিভক্তের ⓚ কবির
ⓖ কবির স্বজনদের ⓖ কবির সমালোচকদের
উ: ⓚ

১৯. 'তবু বসন্তের প্রতি কেন এই তব তীব্র বিমুখতা?' এ পঙ্‌ক্তিতে 'বিমুখতা' শব্দটি যে অর্থে প্রয়োগ ঘটেছে–
ⓚ আনমনা ⓚ উদাসীনতা
ⓖ বিরক্ত ⓖ অনাগ্রহ
উ: ⓚ

২০. 'তাহারেই পড়ে মনে' এখানে 'তাহারেই' সর্বনাম কাকে নির্দেশ করেছে?
ⓚ কবির ভাইকে ⓚ কবির পুত্রকে
ⓖ কবির প্রথম স্বামীকে ⓖ কবির দ্বিতীয় স্বামীকে
উ: ⓖ

২১. বসন্তে বরিয়া তুমি —— কি তব বন্দনায়? শূন্যস্থানে কোন শব্দ বসবে?
ⓚ লবে না ⓚ নিবে না
ⓖ নেবে না ⓖ কোনোটিই নয়
উ: ⓚ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

২২. সুফিয়া কামালের জন্মের সময় মুসলমান নারীদের কী অবস্থা ছিল?
(ক) স্কুলে পড়ার সুযোগ ছিল (খ) স্কুল-কলেজে পড়ার সুযোগ ছিল না
(গ) স্বামীর উপর নির্ভরশীল ছিল (ঘ) পিতার উপর নির্ভরশীল ছিল উ: খ

২৩. কত সালে কবি সুফিয়া কামালের প্রেরণাদাতা প্রথম স্বামী মারা যান?
(ক) ১৯৩১ (খ) ১৯৩২
(গ) ১৯৯৯ (ঘ) ২০০৮ উ: খ

২৪. কোন কবিতায় কবি সুফিয়া কামালের ব্যক্তিজীবনের ছায়াপাত ঘটেছে?
(ক) অভিযান (খ) তাহারেই পড়ে মনে
(গ) নওল কিশোর (ঘ) অভিযাত্রিক উ: খ

২৫. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কে কবিকে বসন্তের বন্দনাগীত রচনা করতে বলেছেন?
(ক) কবির স্বামী (খ) কবির ভক্ত
(গ) ঋতুর রাজন (ঘ) মাঘের সন্ন্যাসী উ: খ

২৬. 'কহিল সে স্নিগ্ধ আঁখি তুলি' এখানে কার আঁখির কথা বলা হয়েছে?
(ক) কবির (খ) কবিভক্তের
(গ) কবির স্বামীর (ঘ) বসন্তের উ: খ

২৭. 'নাই হলো, না হোক এবারে' কোন প্রসঙ্গে বলা হয়েছে?
(ক) শোক সংগীত রচনা প্রসঙ্গে (খ) বসন্ত-বন্দনা রচনা প্রসঙ্গে
(গ) বসন্তের পুষ্পসাজ প্রসঙ্গে (ঘ) ফুলের বসন্ত প্রসঙ্গে উ: খ

২৮. 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'কুহেলি উত্তরী' শব্দটি কী অর্থ বহন করে?
(ক) মাঘের চাদর (খ) উত্তরের কুয়াশা
(গ) কুয়াশার চাদর (ঘ) মাঘের কুয়াশা উ: গ

২৯. কবিমন কীসে আচ্ছন্ন হয়ে আছে?
(ক) রিক্ততার হাহাকারে (খ) আনন্দ-উচ্ছ্বাসে
(গ) অসীম ভাবনায় (ঘ) অনাবিল আশ্বাসে উ: ক

৩০. 'মনে পড়ে আজ সে কোন জনমে বিদায় সন্ধ্যা বেলা/আমি দাঁড়ায়ে রহিনু, এপারে, তুমি ওপারে ভাসালে ভেলা'–
উদ্দীপকের ভাবের সঙ্গে কবির ভাবের মিল কোথায়?
(ক) ওগো কবি অভিমান করেছ কি তাই?
(খ) তাহারেই পড়ে মনে ভুলিতে পারি না কোনো মতে
(গ) নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়
(ঘ) বসন্ত-বন্দনা তব কণ্ঠে শুনি এ মোর মিনতি উ: খ

পদ্যাংশ
অধ্যায় ৭

## পদ্মা
ফররুখ আহমদ

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| কবি পরিচিতি | |
|---|---|
| জন্মপরিচয় | ফররুখ আহমদের জন্ম ১৯১৮ খ্রিষ্টাব্দের ১০ জুন মাগুরা জেলার মাঝআইলগ্রামে। পিতা : সৈয়দ হাতেম আলী। মাতা : রওশন আখতার। |
| উপাধি | মুসলিম রেনেসাঁর কবি। |
